

মঙ্গলবার, ৩ জুলাই ২০১৮, ১৯ আষাঢ় ১৪২৫, ১৮ শাওয়াল ১৪৩৯

উত্তরবঙ্গ তথ্য ও প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হয়েছে

জুলাই ২, ২০১৮



বগুড়ায় উত্তরবঙ্গ তথ্য ও প্রযুক্তি মেলা-২০১৮ অনুষ্ঠিত হয়েছে। মেলাতে সাইবারটেক, জিরো পয়েন্ট, নেব্লটেক লিমিটেড সহ ৫০টির অধিক কোম্পানী অংশগ্রহণ করছে। কোম্পানীগুলো তাদের সফটওয়্যার ও সেবা প্রদর্শন করেছেন। এছাড়াও মেলাতে আউটসোর্সিং, ফ্রিল্যান্সিং এন্ড আইটি ব্যবসায়িক উদ্যোগ ও সম্ভাবনা নিয়ে ফ্রি সেমিনারের আয়োজন করা হয়।

শনিবার (৩০ জুন) বগুড়ার এক কনভেনশন সেন্টার জমকালো আয়োজনের মধ্যদিয়ে এ মেলার উদ্বোধন করা হয়। মেলার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া জনাব মোঃ আব্দুস সামাদ।

পরে এক সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে বিশেষ বক্তা হিসেবে আইটি উদ্যোক্তা এর ওপর বক্তব্য রেখেছেন আলফা নেট এর ফাউন্ডার, আমেরিকা থেকে আগত তথ্য প্রযুক্তিবিদ এবং প্রখ্যাত আইটি উদ্যোক্তা জনাব আবু সুফিয়ান হায়দার।

সেমিনারে মডার্ন ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট এর ওপর বক্তব্য রেখেছেন সিএসই কনফারেন্সের ফাউন্ডার মোঃ ইসরাফিল মাসুম এবং আউটসোর্সিং এর ওপর বক্তব্য রেখেছেন ফেভজেন এর কো-ফাউন্ডার মোঃ আব্দুর রহিম।

উল্লেখ্য, মেলাটির আয়োজন হিসেবে ছিলেন আলফা ডট নেট নামের একটি বেসরকারি ওয়েব ডেভেলপমেন্ট প্রতিষ্ঠান।

অনুষ্ঠানের এক পর্যায়ে প্রধান অতিথি জনাব মোঃ আব্দুস সামাদ তার বক্তব্যে বলেন, এই ধরনের অনুষ্ঠান শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ স্থান থেকে উন্নতির সর্বোচ্চ শিখর আহরণে সাহায্য করবে, এরই সাথে তিনি এমন অনুষ্ঠান আয়োজনে আলফা নেট কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

শেয়ার করুন:



Leave a Reply